রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, এপ্রিল ১৬, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ৩০ চৈত্র ১৪২০/১৩ এপ্রিল ২০১৪

নম্বর-০৪.২২১.০১৪.০০.০৫.০১৯.২০১০.৫৬৪—জাতীয় শুদ্ধাচার উপদেষ্টা পরিষদের নির্বাহী কমিটির প্রথম সভার (৩ সেপ্টেম্বর ২০১৩) সিদ্ধান্ত অনুসারে সরকার জাতীয় শুদ্ধাচার কৌশলের আলোকে ভূমি ব্যবস্থাপনার মানোন্নয়নের লক্ষ্যে নিম্নরূপ একটি উপকমিটি গঠন করিয়াছে :

২। উপকমিটির গঠন:

| | | | |
|---|---|---|---|
| ১. | মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ | - | সভাপতি |
| ২. | সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | - | সদস্য |
| ৩. | সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয় | - | সদস্য |
| ৪. | সচিব, আইন ও বিচার বিভাগ | - | সদস্য |
| ৫. | মহাপরিচালক, ভূমি জরিপ ও রেকর্ড অধিদপ্তর | - | সদস্য |
| ৬. | অতিরিক্ত সচিব (শৃঙ্খলা ও আইন), জনপ্রশাসন মন্ত্রণালয় | - | সদস্য |
| ৭. | বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ | - | সদস্য |
| ৮. | অতিরিক্ত সচিব (প্রসওবা), মন্ত্রিপরিষদ বিভাগ | - | সদস্য-সচিব |

৩। **কমিটির কার্যপরিধি:**

(ক) জাতীয় শুদ্ধাচার কৌশলের আলোকে ভূমি ব্যবস্থাপনার বিদ্যমান চ্যালেঞ্জসমূহ চিহ্নিতকরণ এবং সেগুলি সমাধানের উপায় নির্ধারণ;

(খ) ভূমি ব্যবস্থাপনার সঙ্গে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের কার্যক্রম পরিবীক্ষণ;

(গ) সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে ভূমি ব্যবস্থাপনার মানোন্নয়ন সম্পর্কে প্রয়োজনীয় পরামর্শ প্রদান;

(ঘ) এ বিষয়ে স্টেকহোল্ডারদের সঙ্গে মতবিনিময় এবং নাগরিক সন্তুষ্টি পরিবীক্ষণ; এবং

(ঙ) ভূমি ব্যবস্থাপনার মানোন্নয়নের লক্ষ্যে প্রচলিত সরকারি নীতি, আইন ও বিধি পর্যালোচনা এবং প্রয়োজনবোধে এগুলি সংশোধনের জন্য প্রয়োজনীয় সুপারিশ প্রদান।

৪। উপকমিটি তিন মাস পরপর সভায় মিলিত হইবে এবং প্রয়োজনে এ বিষয়ের সঙ্গে সংশ্লিষ্ট কোন কর্মকর্তা বা বিশেষজ্ঞকে সভায় আমন্ত্রণ জানাইতে পারিবে।

৫। জনস্বার্থে এই আদেশ জারি করা হইল এবং তাহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এন এম জিয়াউল আলম
অতিরিক্ত সচিব (প্রসওবা)

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd